

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে  
“সর্বদলীয় ছাত্র ঐক্য”  
গঠন

গতকাল (সোমবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১২টি ছাত্র সংগঠনের এক যুক্ত বৈঠকে আসন্ন চাকসু ও হল সংসদ নির্বাচনকে সামনে রাখিয়া স্বৈরাচার, সাম্প্রদায়িকতা ও সকল প্রকার সন্ত্রাসের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে ছাত্র আন্দোলন গড়িয়া তোলার জন্য “সর্বদলীয় ছাত্র ঐক্য” (১১শ পৃ: ড:)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়  
(শেষ পৃ: পর)

নামে একটি বোর্ডিং গড়িয়া তোলার কথা ঘোষণা করা হয়। সভায় বক্তব্য রাখেন হাসান মাহমুদ, নাজমুল করিম, হাবিবুর রহমান, মোকাদ্দেস আলী মজুমদার, সাইফুল আলম, মোয়াজ্জেম হোগাইন, রেজাউল করিম, সোহেল হাকিম, বিধান রায়, আবুল কাসেম, আবদুল হান্নান, আজিম উদ্দিন আহমেদ প্রমুখ। সভাপতিত্ব করেন ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক ইফতেখার হোসেন চৌধুরী। ছাত্র সংগঠনগুলি হইতেছে : বাংলাদেশ ছাত্রলীগ (হা-অ) জাতীয় ছাত্রলীগ, জাতীয়তাবাদী ছাত্রদল, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, ছাত্র ঐক্য সমিতি, ছাত্রলীগ (ব-আ), ছাত্রলীগ (সা-মো), ছাত্র ফেডারেশন, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন, বাংলাদেশ ছাত্রলীগ (না-শ), বাংলাদেশ ছাত্রমৈত্রী এবং সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। —বিজ্ঞপ্তি।